

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশঃ (২২২) আল্লাহর অলী কারা?

উত্তরঃ যে ব্যক্তি আল্লাহর প্রতি ঈমান আনয়ন করে, আল্লাহকে ভয় করে চলে এবং আল্লাহর রাসূলের অনুসরণ করে সেই আল্লাহর অলী। আল্লাহ তা'আলা বলেনঃ

أَلَا إِنَّ أَوْلِيَاءَ اللَّهِ لَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ الَّذِينَ آمَنُوا وَكَانُوا يَتَّقُونَ لَهُمْ الْبُشْرَى فِي الْحَيَاةِ الدُّنْيَا وَفِي الْآخرَة

"মনে রেখো যে, আল্লাহর অলীদের কোন ভয় নেই। আর তারা বিষন্নও হবেনা। তারা হচ্ছে সেই সমস্ত লোক যারা ক্ষমান এনেছে এবং পরহেজগারিতা অবলম্বন করে থাকে। তাদের জন্যে সুসংবাদ রয়েছে পার্থিব জীবনে এবং পরকালেও"। (সূরা ইউনূসঃ ৬২-৬৪) এই আয়াতে আল্লাহর অলীর সংজ্ঞা ও পরিচয় তুলে ধরা হয়েছে। আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

اللَّهُ وَلِيُّ الَّذِينَ آمَنُوا يُخْرِجُهُمْ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ وَالَّذِينَ كَفَرُوا أَوْلِيَاؤُهُمُ الطَّاغُوتُ يُخْرِجُونَهُمْ مِنَ النُّورِ إِلَى الظُّلُمَات

"আল্লাহই হচ্ছেন ঈমানদারদের অলী (বন্ধু)। তিনি তাদেরকে অন্ধকার থেকে আলোর দিকে নিয়ে যান। আর যারা কাফের তাদের বন্ধু হচ্ছে তাগুত (শয়তান) তারা তাদেরকে আলো হতে অন্ধকারের দিকে নিয়ে যায়"। (সূরা বাকারাঃ ২৫৭) আল্লাহ তাআ'লা আরও বলেনঃ

إِنَّمَا وَلِيُّكُمُ اللَّهُ وَرَسُولُهُ وَالَّذِينَ آمَنُوا الَّذِينَ يُقِيمُونَ الصَّلاَةَ وَيُؤْتُونَ الزَّكَاةَ وَهُمْ رَاكِعُونَ * وَمَنْ يَتَوَلَّ اللَّهَ وَرَسُولَهُ وَالَّذِينَ آمَنُوا فَإِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْغَالِبُونَ

"আল্লাহ, তাঁর রাসূল এবং মুমিনগণই হচ্ছেন তোমাদের অলী (বন্ধু)। যারা নামায কায়েম করে, যাকাত দেয় এবং রুকু করে। আর যে আল্লাহ্ তাঁর রাসূল এবং মুমিনদেরকে বন্ধু হিসাবে গ্রহণ করে, (তারাই আল্লাহর দলভুক্ত) নিশ্চয়ই আল্লাহর দল বিজয়ী"। (সূরা মায়িদাঃ ৫৫-৫৬)

এই আয়াতে আল্লাহর অলীর সংজ্ঞা ও পরিচয় তুলে ধরা হয়েছে। আল্লাহ্ ও তাঁর রাসূলের পুরোপুরি অনুসারীর হাতে যদি আল্লাহ কারামাত বা অলৌকিক কিছু বের করেন তবে তিনি আল্লাহর অলী হিসেবে গণ্য হবেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(إن آل أبي فلان ليسوا لي بأولياء إنما أوليائي المتقون)

"অমুকের পিতার সন্তানেরা আমার বন্ধু নয়। মুত্তাকীরাই কেবল আমার বন্ধু"।[1] হাসান (রাঃ) বলেনঃ একদল লোক আল্লাহর ভালবাসা প্রকাশ করলে আল্লাহ তাদেরকে এই আয়াত দ্বারা পরীক্ষা করলেন।

قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ



"হে নবী! আপনি বলে দিনঃ তোমরা যদি আল্লাহকে ভালবেসে থাক, তাহলে আমার অনুসরণ কর। তবেই আল্লাহ্ তোমাদেরকে ভালবাসবেন"। (সূরা আল-ইমরানঃ ৩১) ইমাম শাফেয়ী (রঃ) বলেনঃ যখন তুমি দেখবে কোন লোক পানির উপর দিয়ে হাঁটছে অথবা শূণ্যে উড়ছে তখন তুমি তাকে অলী হিসেবে বিশ্বাস কর না কিংবা তার দ্বারা প্রতারিত হয়ো না। যতক্ষণ না তোমরা জেনে নিবে সে রাসূলের অনুসরণ করে কি না। ইমাম শাফেয়ীর কথাটি ভন্ত অলী ও সঠিক অলী চেনার গুরুত্বপূর্ণ একটি মাপকাঠি।

ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল আদাব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12036

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন